

সংযুক্তি - অতিরিক্ত কার্যক্রম - ৪র্থ কোয়ার্টার

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

জাতীয় শুদ্ধাচার কৌশল

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৪র্থ কোয়ার্টারের কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির সভায় গৃহীত পরিকল্পনা-প্রতিবেদন।

বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কর্মপরিকল্পনার বাহিরে গৃহীত অতিরিক্ত কার্যক্রম হিসেবে নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন অন্তর্ভুক্ত আছে:

১। কোম্পানির প্রধান কার্যালয় কমপ্লেক্সের বিভিন্ন স্থানে ডাস্টবিন স্থাপন।

উপর্যুক্ত কার্যক্রম সম্পাদনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে উপমহাব্যবস্থাপক (জনসংযোগ) কে মনোনীত করা হয়। উপমহাব্যবস্থাপক (জনসংযোগ) পলিথিন ও প্লাস্টিক বর্জ্যের পরিবেশ দূষণের ভয়াবহতা অনুধাবন করে ‘পলিথিন ও প্লাস্টিক বর্জ্য পরিবেশে দূষণ নয়’ – শীর্ষক একটি কর্মসূচী গ্রহণের লক্ষ্য নির্ধারণ করেন। উল্লেখ্য, কোম্পানির প্রধান কার্যালয় কমপ্লেক্সে অফিস ভবন, কর্মকর্তা আবাসন ও ডরমিটরি, কর্মচারী আবাসন ও ডরমিটরি, রেস্ট হাউজ এবং আনসার ব্যারাক রয়েছে। এ কমপ্লেক্সের বর্জ্য অপসারণের জন্য ডাস্টবিন রয়েছে এবং পৌরসভার পরিচ্ছন্ন কর্মীগণ নিয়মিত ডাস্টবিনে জমা হওয়া বর্জ্য অপসারণ করে। এ প্রেক্ষাপটে উপমহাব্যবস্থাপক (জনসংযোগ) এবং প্রধান কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে আলোচনাক্রমে পলিথিন ও প্লাস্টিক বর্জ্য পরিবেশে অপসারণ রোধ করার লক্ষ্যে প্রধান কার্যালয়ের বিভিন্ন স্থানে পাশাপাশি ২টি বিন স্থাপন করে একটিতে প্লাস্টিক/পলিথিন বর্জ্য এবং অন্যটিতে জৈব/অন্যান্য বর্জ্য ফেলার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।

জনসংযোগ বিভাগের মতবিনিময় সভায় উদ্যোগটির প্রশংসা করা হয়। এটিকে সফল করতে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণে সকলে একমত হয়ঃ

ক)	প্রতিটি নির্ধারিত স্থানে একটি কালো রঙের এবং একটি নীল রঙের মোট ২টি বিন পাশাপাশিভাবে স্থাপন করা হবে। কালো রঙের বিন-এ ‘এখানে পলিথিন/প্লাস্টিক বর্জ্য ফেলুন’ এবং নীল রঙের বিন-এ ‘এখানে জৈব/অন্যান্য বর্জ্য ফেলুন’ লেখা থাকবে।
খ)	অফিসার আবাসনের পিছন ও সমানের ভবন-সারির পূর্ব ও পশ্চিম প্রান্তে ২জোড়া করে মোট ৪ জোড়া, অফিসার্স ক্লাব ও ডরমিটরি ভবন স্থানে ১ জোড়া, অফিস ভবন স্থানে ১ জোড়া, কর্মচারী আবাসনে প্রতি সারিতে পূর্ব-পশ্চিমে ২ জোড়া করে ৩ সারিতে মোট ৬ জোড়া এবং কর্মচারী ডরমিটরি ও ক্লাব স্থানে ১ জোড়া হিসেবে সর্বমোট ১৩ জোড়া বিন স্থাপন করা হবে।
গ)	১৩ জোড়া নীল রঙের বিন থেকে জৈব/অন্যান্য বর্জ্য সার্ভিসেস বিভাগের নিয়োজিত পরিচ্ছন্ন কর্মী/নৈমিত্তিক শ্রমিক ট্রলি ভ্যানের মাধ্যমে কমপ্লেক্সের স্থায়ী ডাস্টবিনে নিয়ে ফেলবে। ডাস্টবিনগুলো যথারীতি পৌরসভার পরিচ্ছন্ন কর্মীগণ ক্লিন করবে।
ঘ)	১৩ জোড়া কালো রঙের বিন থেকে প্লাস্টিক/পলিথিন বর্জ্য ভাংগারি সংগ্রাহকদের মাধ্যমে ভাংগারী ব্যবসায় প্রতিষ্ঠানে বিনামূল্যে সরবরাহ করা হবে। বিষয়টি কোম্পানির সার্ভিসেস বিভাগ সমন্বয় করবে।
ঙ)	একটি দিন নির্ধারণ করে ‘পলিথিন/প্লাস্টিক বর্জ্য পরিবেশ দূষণ নয়’ – শীর্ষক একটি প্রচার ও সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে কার্যক্রমটির শূভ উদ্বোধন করা হবে।



পৃষ্ঠা ২ এর ১

কার্যসম্পাদন ও প্রাক্কলিত ব্যয়:

উপর্যুক্ত আলোকে প্রধান কার্যালয় কমপ্লেক্সে স্থাপনের জন্য সর্বমোট ১৩ জোড়া বা ২৬ টি বিন ক্রয়ে আনুমানিক আনুমানিক ১,০০,০০০/- (এক লক্ষ মাত্র) এবং 'পলিথিন/প্লাস্টিক বর্জ্য পরিবেশ দূষণ নয়'—শীর্ষক প্রচার ও সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজন বাবদ আনুমানিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার মাত্র) টাকা হিসেবে সর্বমোট ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার মাত্র) টাকা ব্যয় হবে। তবে, বাজেট স্বল্পতার জন্য চলতি অর্থবছরে ১ জোড়া দৃষ্টিনন্দন ও মানসম্পন্ন বিন ক্রয় এবং পরবর্তী অর্থবছরের অন্যান্য কার্যক্রম সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এতদসংক্রান্ত ব্যয় জনসংযোগ বিভাগের বিবিধ খাত (এনআইএস ও অন্যান্য) নম্বর ৯১১৮৫০০০০০/৮১০৩-এ হতে নির্বাহ করা হবে। চলতি অর্থবছরে ১ জোড়া বিন ঢাকাস্থ স্বনামধন্য বিন সরবরাহকারী প্রতিষ্ঠান হতে স্পট কোটেশন সংগ্রহ পদ্ধতিতে বিন ক্রয়ের সিদ্ধান্ত হয়।

নমুনা :

ক্রয়তব্য বিনের স্যাম্পল নিম্নরূপ :



[Handwritten Signature]

27.05.2025

(জেসমিন আক্তার)

উপমহাব্যবস্থাপক (জনসংযোগ)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

[Handwritten Signature]



আবাসিক এলাকা
গাড়ির গতিসীমা
১০ কিঃমিঃ/ঘন্টা
স্বাস্থ্যবিভাগ, কক্সবাজার



